

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩৩২

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. সাহ্উ সিজদা ও অন্যান্য সিজদা প্রসঙ্গ - সাজদায়ে সাহুর পর তাশাহহুদ পড়ার বিধান

আরবী

وَعَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنِ _ رَضِيَ اللَّهُ تَعَالَى عَنْهُ: أَنَّ النَّبِيَّ _ صلى الله عليه وسلم _ صلَلًى بِهِمْ, فَسَهَا فَسَجَدَ سَجْدَتَيْنِ, ثُمَّ تَشَهَّدَ, ثُمَّ سَلَّمَ. رَوَاهُ أَبُو دَاوُدَ, وَالتِّرْمِذِيُّ وَحَسَّنَهُ, وَالْحَاكِمُ وَصَحَّحَهُ

شاذ. رواه أبو داود (1039)، والترمذي (395)، والحاكم (1/ 323) وقال الترمذي: «حسن غريب صحيح «. قلت: الإسناد صحيح، إلا أن قوله: «ثم تشهد» شاذ تفرد به أشعت بن عبد الملك الحمراني، فلم يذكرها غيره، ولذلك ردها غير واحد من أهل العلم. فقال الحافظ في «الفتح» (3/ 99): «زيادة أشعت شاذة». وقال ابن المنذر في «الأوسط» (3/ 317): «لا أحسب يثبت» قلت: يعني التشهد في ثبوت السهو. وذهب إلى ذلك غيرهما أيضا، وجاء التشهد في ثبوت السهو في خبرين غير خبر عمران هذا لكنهما لا يثبتان كما هو مبين «بالأصل

বাংলা

৩৩২. 'ইমরান বিন হুসাইন (রাঃ) থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁদের সালাতে ইমামতি করতে গিয়ে (একদিন) ভুল করলেন। ফলে তিনি দু'টি সাহউ সিজদা করলেন- তারপর তাশাহহুদ পড়ে সালাম ফিরালেন। তিরমিয়ী এটিকে হাসান বলেছেন। হাকিম এটিকে সহীহ বলেছেন।[1]

ফুটনোট



[1] মুসলিম ৫৭৪, তিরমিযী ৩৯৫, নাসায়ী ১২৩৭, ১৩৩১, ইবনু মাজাহ ১২১৫, আহমাদ ১৯৩৬০

সুনান আল কুবরা (২/৩৫৫) গ্রন্থে বায়হাকী বলেন আশয়াস আল হামরানী হাদীসটি একক ভাবে বর্ননা করেছেন। ফাতহুল বারী (৩/১১৯) গ্রন্থে ইবনু হাজার বলেন, অতঃপর তিনি তাশাহুদ পাঠ করলেন কথাটি শায়। সঠিক হচ্ছে তা তাশাহুদের কথা উল্লেখ নেই। অনুরূপ ভাবে ইরওয়াউল গালীল (৪০৩), আবূ দাউদ ১০৩৯, তাখরীজ মিশকাত, গ্রন্থদ্বয়ে আলবানী হাদীস টিকে যয়ীফ ও শায় বলে উল্লেখ করেছেন। মাওয়ারীদুয় যাম্যাম ইলা যাওযাদু ইবনে ইকাল ১/২৩৬ গ্রন্থে ইমাম হায়সামী বলেন, অতঃপর তাশাহহুদ পড়লেন, অতঃপর সালাম ফিরালেন কথাটি ছাড়া হাদীসটি সহীহ। সায়লুল জাররার (১/২৮৪) ইমাম শাওকানী বলেন, রাবী এককভাবে বর্ণনা করা সত্ত্বেও এর মাধ্যমে দলীল গ্রহণ করা যাবে। মুন্তাফাকাতুল খাবরে আল খবরা গ্রন্থে (১/৫১৬) গ্রন্থে ইবনু হাজার হাদীসটিকে হাসান বলেছেন।

হাদিসের মান: শা'জ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন